
# এইচ এস সি ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


**ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র** বিষয় কোড: ২৫০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶**





ক. ওহি কী? ১

খ. আল কুরআন খণ্ড খণ্ড আকারে অবতীর্ণ হওয়ার কারণ কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চিত্র দুটির মধ্যে কোনটি শ্রেষ্ঠ? যুক্তিসহ বুঝিয়ে লিখ। ৩

ঘ. সামাজিক সমস্যা সমাধানে চিত্র : ১-এ উল্লিখিত গ্রন্থের ভূমিকা আলোচনা করো। ৪

**২.▶** আবছার সাহেব পেশায় একজন আইনজীবী। তার ইচ্ছা-ইসলামি আইন ও বিচার প্রক্রিয়ার মাধ্যমে দেশে সুশাসন প্রতিষ্ঠা করা। এ লক্ষ্যে তিনি কুরআনে বর্ণিত আইন, সামাজিক আচার-আচরণ, লেন-দেন সংক্রান্ত আয়াতসমূহ চর্চা করেন। অপরদিকে আনোয়ার সাহেবের পরিকল্পনা, মানুষকে তাওহিদ ও রিসালাতের ভিত্তিতে নৈতিক চরিত্রের অধিকারী হিসেবে গড়ে তোলার মাধ্যমে আদর্শ সমাজ প্রতিষ্ঠা করা।

ক. শানে নুযূল কী? ১

খ. কুরআন তিলাওয়াতের গুরুত্ব লিখ। ২

গ. কোন ধরনের সূরার আলোকে আনোয়ার সাহেব তার পরিকল্পনা বাস্তায়ন করতে পারবেন? ৩

ঘ. হিজরতের পরে অবতীর্ণ সূরাসমূহ চর্চার মাধ্যমে আবছার সাহেবের ইচ্ছা বাস্তবায়ন সম্ভব—বুঝিয়ে লিখ। ৪

**৩.▶** মাহমুদ ও লিটন দুই বন্ধু। মাহমুদ অদৃশ্যে বিশ্বাস করে, নামায আদায় করে এবং যাকাত প্রদান করে। কিন্তু লিটন এসবের কোন কিছুতেই বিশ্বাস

https://teachingbd24.com

করে না। মাহমুদ বন্ধু লিটনকে তার অবিশ্বাসের পরিণাম সম্পর্কে সতর্ক করলেও লিটন এতে কর্ণপাত করে না।

ক. বাকারা অর্থ কী? ১

খ. ذٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيْهِ- আয়াতটি ব্যাখ্যা কর। ২

গ. লিটনের মত ব্যক্তিদের পরিণাম সম্পর্কে সূরা বাকারায় কী বলা হয়েছে? ৩

ঘ. মাহমুদ হিদায়াতপ্রাপ্ত ও সফলকাম-সূরা বাকারার আলোকে ব্যাখ্যা কর। ৪

৪.▶ শ্রেণি শিক্ষক শাহজাহান সাহেব মেধাবী ছাত্র শিহাবকে শিক্ষা সফরের জন্য টিম লিডার মনোনীত করলে কয়েকজন শিক্ষার্থী আপত্তি জানায়। শিক্ষক তার সিদ্ধান্তের যৌক্তিকতা প্রমাণের লক্ষ্যে বোর্ডে গণিতের একট জটিল প্রশ্ন লিখে শিক্ষার্থীদেরকে তার সমাধান করতে বললে শিহাবই কেবল এর যথাযথ সমাধান করতে সক্ষম হয়। এতে প্রতিবাদী শিক্ষার্থীরা লজ্জিত হয় এবং শিক্ষকের সিদ্ধান্ত মেনে নেয়। কিন্তু সোহেল নামের এক ছাত্র শিহাবের বংশ নিয়ে আপত্তিকর মন্তব্য করে এবং শিহাবের নেতৃত্ব মেনে নিতে অস্বীকৃতি জানায়। এতে বিদ্যালয় কর্তৃপক্ষ সোহেলের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করেন।

ক. কুরআন অবিশ্বাসীদের প্রতি কিসের চ্যালেঞ্জ দেওয়া যায়? ১

খ. صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ- আয়াতটির মর্মার্থ বুঝিয়ে লিখ। ২

গ. শিহাবকে টিম লিডার মনোনয়ন এবং তার যৌক্তিকতা প্রমাণ করা কুরআনের কোন ঘটনার সাথে মিল রয়েছে? ৩

ঘ. সোহেলের চরিত্র কুরআনের আলোকে চিহ্নিতপূর্বক বরখাস্তের যথার্থতা নিরূপণ কর। ৪

৫.▶ 'ক' একজন অত্যাচারী শাসক। ভিন্ন মতাদর্শীদের প্রতি অত্যাচার, নির্যাতন চালান। সৎ, নিষ্ঠাবান এক যুবক তার কিছু অনুসারী নিয়ে শাসকের অন্যায়, অত্যাচারের প্রতিবাদ জানায়। যুবক অলৌকিক শক্তির বদৌলতে তার অনুসারীদের জন্য উন্নত জীবনের ব্যবস্থা করেন। যুবকের অনুসারী ক্রমশ বাড়িতে থাকলে শাসকের সাথে তার দ্বন্দ্ব চরম আকার ধারণ করে। এক পর্যায়ে অনুসারীসহ যুবক রাজ্য ছেড়ে চলে যাওয়ার পথে পিছনে ধাবমান শাসক তার সৈন্য সামন্তসহ নদীতে ডুবে মারা যান।

ক. নিয়ামত শব্দের অর্থ কী? ১

খ. ان الله على كل شيء قدير- আয়াতটি বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের আচরণের সাথে সূরা বাকারায় উল্লিখিত কোন ঘটনার মিল রয়েছে? ৩

https://teachingbd24.com

ঘ. উল্লিখিত যুবকের সাথে সাদৃশ্যপূর্ণ একজন নবির অনুসারীদের প্রতি আল্লাহর অনুগ্রহরাজির বিবরণ দাও। ৪

৬. ▶ নাজিম সাহেব একজন সমাজ সেবক। তার ইচ্ছা জনগণের কল্যাণ করা। জনগণের সেবায় সর্বদা নিজেকে নিয়োজিত রাখেন। কেউ বিপদে পতিত হলে তার সাহায্যে এগিয়ে আসেন। মানুষের দুঃখ কষ্টকে নিজের কষ্ট মনে করে তা লাঘবে সর্বাত্মক চেষ্টা চালান। মাহমুদ সাহেবের ইচ্ছা— এমন একটি কাজ করা, যাতে আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি পরকালীন পাথেয় সংগ্রহ করা যায়।

ক. হাদিসে কুদসি কী? ১

খ. সহীহ সিত্তাহ বলতে কী বোঝায়? ২

গ. মাহমুদ সাহেবের ইচ্ছা বাস্তবায়নে তার করণীয় কী? বুঝিয়ে লিখ। ৩

ঘ. আল্লাহ নাজিম সাহেবের মতো ব্যক্তিদের প্রয়োজন পূরণ করে দিবেন— হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৪

৭. ▶ ইরফান সাহেব সদা সত্য কথা বলেন এবং প্রতিটি কাজে সততা অবলম্বন করেন। এমনকি বিপদে পড়লেও মিথ্যা বলেন না। অন্যদিকে ইমদাদ সচরাচর মিথ্যা বলতে অভ্যস্ত। মিথ্যাশ্রিত যে কোনো কাজ করতে দ্বিধাবোধ করে না।

ক. মতন কী? ১


খ. المسلم اخو المسلم হাদিসটি ব্যাখ্যা কর। ২

গ. ইরফান সাহেব আল্লাহর কাছে কী নামে অভিহিত হবেন? বুঝিয়ে লিখ। ৩

ঘ. ইমদাদের অভ্যাস তাকে জাহান্নামের দিকে নিয়ে যাবে— ব্যাখ্যা কর। ৪

Teachingbd24.com

৮. ▶




ক. ইসলামের তৃতীয় বিধান কী? ১

খ. হাক্কুল ইবাদ বলতে কী বোঝায়? ২
গ. নৈতিক চরিত্র গঠনে 'ক'তে উল্লিখিত বিধানের ভূমিকা আলোচনা কর। ৩
ঘ. দারিদ্র্য বিমোচনে 'খ'তে উল্লিখিত বিধানের ভূমিকা পর্যালোচনা কর। ৪

৯. ▶ জনৈক ব্যক্তি মুফতি জসিম সাহেবের কাছে জানতে চাইলেন, ইয়াবা সম্পর্কে ইসলামের বিধান কী? মুফতি সাহেব বললেন, রাসূল (সা.)-এর যুগে ইয়াবার প্রচলন ছিল না বিধায় ইয়াবা সম্পর্কে সরাসরি কুরআন কিংবা হাদিসে উল্লেখ নেই। তবে ইয়াবা যেহেতু নেশা জাতীয় দ্রব্য সে হিসেবে এটি হারাম। কারণ, ইসলামে সকল প্রকার মাদক তথা নেশা জাতীয় দ্রব্যকে হারাম ঘোষণা করা হয়েছে।

ক. রুখসাত কী? ১
খ. ইজমাউস সাহাবা বলতে কী বোঝায়? ২
গ. শরিয়তের কোন উৎসের ভিত্তিতে মুফতি উদ্দীপকে উল্লিখিত প্রশ্নের উত্তর দিলেন? ৩
ঘ. মুফতি সাহেবের অনুসৃত উৎসটির গুরুত্ব ও প্রয়োজনীয়তা আলোচনা কর। ৪

১০. ▶ i. অধিকতর শক্তিশালী ও প্রামাণ্য
ii. অন্যান্য মাযহাবের তুলনায় সহজ ও অনায়াস সাধ্য
iii. মাসয়ালাসমূহ হিকমত ও কল্যাণকামিতার উপর প্রতিষ্ঠিত

ক. মাযহাব কয়টি? ১
খ. ফিকহ শাস্ত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে নির্দেশিত মাযহাবের শ্রেষ্ঠত্ব বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত মাযহাবের প্রতিষ্ঠাতার পরিচয় দাও। ৪

১১. ▶ আসাদ সাহেব ও আসগর সাহেব দুজনই ধর্মীয় ব্যক্তি। তারা তাদের ভক্তদেরকে সত্য ও ন্যায়ের পথে পরিচালনা করার জন্য আপ্রাণ চেষ্টা চালান। তবে দুজনের পদ্ধতির মধ্যে ভিন্নতা রয়েছে। আসাদ সাহেব তার অনুসারীদেরকে কেবল আত্মিক উন্নতি সাধনের প্রতি গুরুত্ব দেন। আর আসগর সাহেব আত্মিক উন্নতির পাশাপাশি শরিয়তের প্রতিটি বিধান মেনে চলার প্রতি জোর তাগিদ দেন।

ক. মুজাদ্দিদ আলফে সানি বলা হয় কোন মনীষীকে? ১
খ. আব্দুল কাদের জিলানি (রাহ.)-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ২
গ. আসাদ সাহেবের গৃহীত পদ্ধতি বাস্তবায়নে করণীয়সমূহ কী কী? ৩
ঘ. আসগর সাহেবের গৃহীত পদক্ষেপের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. ★ পবিত্র কুরআনে কতজন নবি-রাসুলের নাম উল্লিখিত হয়েছে?
ক) ২৫ জন খ) ২৬ জন
গ) ৩০ জন ঘ) ২০ জন

২. ★ কোনটির আলোকে আল কুরআনকে মনজিল ও পারায় বিন্যস্ত করা হয়েছে?
ক) ইজমা খ) হাদিসের
গ) কিয়াস ঘ) আকিদা

৩. কে মহানবি (স)-কে আল কুরআন পাঠ করে শোনাতেন?
ক) মিকাইল (আ.) খ) আজরাইল (আ.)
গ) জিবরাইল (আ.) ঘ) ইসরাফিল (আ.)

৪. ★ কুরআন মজিদের কোন সুরার শুরুতে তাসমিয়াহ লিখিত হয়নি?
ক) আত তাওবা খ) বাকারা
গ) ইয়াসিন ঘ) নিসা

৫. কুরআন শব্দটি পবিত্র কুরআনে কতবার এসেছে?
ক) ৬০ খ) ৬১
গ) ৬৫ ঘ) ৬২

৬. ইসলাম গ্রহণের পূর্বে ওমর (রা) কাকে হত্যা করতে মনস্থির করেছিলেন?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত উসমান (রা)
গ) হযরত মুহাম্মদ (স.)
ঘ) হযরত আলি (রা)

৭. মানুষের বেশে ওহি নিয়ে আসার সময় জিবরাইল (আ) বেশীরভাগ সময় কার আকৃতি ধারণ করতেন?
ক) আবু হুরায়রা খ) ওমর (রা)
গ) আলি (রা)
ঘ) দাহিয়াতুল কালবি (রা)

৮. মহানবি (স) স্বপ্নযোগে আল্লাহ তায়ালার সাথে কতবার কথোপকথন করেছিলেন?
ক) তিনবার খ) পাঁচবার
গ) ছয়বার ঘ) একবার

৯. ★ ইবলিশ শব্দের অর্থ কী?
ক) নিরাশা ও বঞ্চিত হওয়া
খ) অধিক প্রাপ্তির চিন্তা
গ) বুদ্ধিমান ঘ) বোকা

১০. ★ বনি ইসরাইল কার বংশধর?
ক) হযরত মুসা (আ.)
খ) হযরত ইয়াকুব (আ.)
গ) হযরত ঈসা (আ.)
ঘ) হযরত মুহাম্মদ (স.)

১১. ★ বায়তুল মামুরের অপর নাম কোনটি?
ক) লাওহে মাহফুজ খ) সুরক্ষিত ফলক
গ) বায়তুল ইযযাহ ঘ) বায়তুল্লাহ্

১২. বায়তুল্লাহ বরাবর পৃথিবীর নিকটবর্তী আকাশে ফেরেশতাদের ইবাদতগৃহ কোনটি?
ক) লাওহে মাহফুজ খ) আরশে জাহান
গ) বিশ্ব জাহান ঘ) বায়তুল ইযযাহ্

১৩. মুহাম্মদ (স)-এর ওপর কয়েকটি বিশেষ পদ্ধতিতে কুরআন নাজিল হয়। এর মধ্যে সব চেয়ে কষ্টকর পদ্ধতি কোনটি?
ক) ঘণ্টা ধ্বনিতে
খ) স্বপ্নযোগে
গ) জিবরাইল (আ) সরাসরি
ঘ) মানুষের বেশে

১৪. পবিত্র কুরআন মজিদে রয়েছে—
i. পূর্ববর্তী সব কিতাবে সারবস্তু
ii. পৃথিবীর সব জ্ঞান-বিজ্ঞানের বর্ণনা
iii. আরবের সব গ্রন্থের সারমর্ম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. মানুষের মর্যাদা সম্পর্কে জানতে রেদওয়ান নিয়মিত পবিত্র কুরআন অধ্যয়ন করছে। এর ফলে সে জানতে পেরেছে—
i. মানুষ আল্লাহ তায়ালার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি
ii. মানুষ আল্লাহর মনোনীত খলিফা
iii. মানুষ পৃথিবীর অস্তিত্ব রক্ষাকারী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. 'কুরআন আইন বিধানের এক বিশ্বকোষ'—এ উক্তিটি কে করেছেন?
ক) ডঃ মাহাথির মোহাম্মদ
খ) ডঃ জাকির নায়েক
গ) ডঃ মরিস বুকাইলী
ঘ) ডঃ আহমদ দিদাত

১৭. কোনো মানুষই প্রথম কাল থেকে আজ পর্যন্ত কুরআনের অনুরূপ বাক্য রচনা করতে পারেনি। এটি প্রমাণ করে—
i. আল কুরআন অলৌকিক গ্রন্থ
ii. আল কুরআনের ভাষা স্বয়ং আল্লাহর
iii. আল কুরআনের ভাষা বোঝা দুর্বোধ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:

নিরক্ষর কৃষক জমির উদ্দীন ছেলে আলিমকে সুপথে পরিচালনার জন্য সদা তৎপর। এ বিষয়ে গ্রামের মুমিন মাস্টারের কাছে বুদ্ধি চাইলে তিনি আলিমকে কুরআন শেখানোর পরামর্শ দিলেন। পরামর্শ শুনে তিনি বললেন, মাস্টার সাহেব, কুরআন শিখলেই কি আলিম সবকিছু জানতে পারবে? উত্তরে তিনি বললেন, কেন নয়? আল্লাহ তো বলেছেনই—এ কিতাবে আমি কোনোকিছু লিপিবদ্ধ করা বাকি রাখিনি। ★

১৮. মুমিন মাস্টার যে আয়াতটি পড়ে শোনালেন, তা কুরআনের কোন বৈশিষ্ট্যটি তুলে ধরে?
ⓚ সর্বজনীনতা ⓚ পূর্ণাঙ্গতা
ⓖ বিশ্বজনীনতা ⓖ সংশয়হীনতা

১৯. কুরআন শেখার ফলে আলিম—
i. সুপথের নির্দেশনা পাবে
ii. প্রত্যেক বস্তুর সুস্পষ্ট বর্ণনা জানতে পারবে
iii. অন্তরে প্রশান্তি ও পরিতৃপ্তি লাভ করবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. কোন ব্যবস্থাপনায় ধনীর সম্পদে গরিবের বিধিসম্মত অধিকার প্রতিষ্ঠিত হয়?
(ক) শ্রম নির্ভর অর্থ ব্যবস্থায়
(খ) জাকাতভিত্তিক অর্থব্যবস্থায়
(গ) সুদমুক্ত অর্থব্যবস্থায়
(ঘ) দান খয়রাতের সুব্যবস্থায়

২১. "সুতরাং দুর্ভোগ সেসব সালাত আদায়কারীদের জন্য যারা তাদের সালাত সম্বন্ধে উদাসীন, যারা লোক দেখানোর জন্য তা করে।" এ আয়াতে কাদের বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
(ক) কাফির (খ) মুশরিক
(গ) মুনাফিক (ঘ) ফাসিক

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:

কাওসার সাহেব বছর শেষে সম্পদের হিসাব করে নিসাবের ২.৫% অর্থ গরিব-দুঃখীদের মধ্যে দান করেন। এটি দেখে ছোট ছেলে গোলাম রাব্বি জিজ্ঞেস করে, বাবা তুমি এত টাকা মানুষকে দিয়ে দিচ্ছ কেন? উত্তরে তিনি বলেন— আল কুরআনে আমাদের এ নির্দেশ দেওয়া হয়েছে এ জন্যই আমি এ টাকাগুলো দিচ্ছি।

২২. কাওসার সাহেব কার নির্দেশ পালন করেছেন?
(ক) মহান আল্লাহর (খ) তর পিতার
(গ) ইমাম সাহেবের (ঘ) প্রতিবেশীর

২৩. কাওসার সাহেবের এ কাজের ফলে—
i. ফরজ আদায় হবে
ii. সমাজের অর্থনৈতিক বৈষম্য দূরীভূত হবে
iii. কাওসার সাহেবের অর্থ কমে যাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. ★ আল কুরআনকে স্বয়ংসম্পূর্ণ গ্রন্থ বোঝাতে কোন নামে অভিহিত করা হয়েছে?
(ক) আল ফুরকান (খ) আল কিতাব
(গ) আল খায়র (ঘ) আশশিফা

২৫. আবিদার আম্মু মেয়েকে কুরআন অনুসরণ করার উপদেশ দিয়ে বলেন, এটি আমাদের জন্য বিশেষ দান ও অনুগ্রহ। তার কথায় কুরআনের কোন নামটি ফুটে ওঠে?
(ক) আল হক (খ) আল নিয়ামত
(গ) আজ জিকর (ঘ) আল মুহাইমিন

২৬. ★ কদর রাতে মহান আল্লাহ তায়ালা কোথায় সমগ্র কুরআন নাজিল করেন?
(ক) লাওহে মাহফুজে
(খ) রাসুলুল্লাহ (স)-এর অন্তরে
(গ) জিবরাইল (আ)-এর অন্তরে
(ঘ) বায়তুল ইযযাহ

২৭. ★ রাসুলুল্লাহ (স)-এর দরবারে কতজন কাতিব ছিলেন?
(ক) ৭৩ (খ) ৫৩
(গ) ৪২ (ঘ) ৩৩

২৮. "সালাত শেষ হলে তোমরা জমিনে ছড়িয়ে পড়ো" আয়াতাংশটি কোন সুরার—
(ক) ফুরকানের (খ) তাহরিমের
(গ) মায়িদার (ঘ) জুমুয়া

২৯. ইসলাম নারীকে যথাযোগ্য মর্যাদা প্রদান করে স্বাধীনতা দিয়েছে—
i. শিক্ষার ii. কর্মের
iii. মত প্রকাশের
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. ★ কোন সুরায় এক হাজার আদেশ, এক হাজার নিষেধ, এক হাজার হিকমত এবং এক হাজার সংবাদ ও কাহিনী রয়েছে?
(ক) বাকারায় (খ) মায়িদায়
(গ) আল ইমরানে (ঘ) বনি ইসরাইলে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com